

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর ময়মনসিংহে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২৩ পরিদর্শন:

ময়মনসিংহ, (শুক্রবার, ০২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.);

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী রুমানা আলী আজ শুক্রবার (০২ ফেব্রুয়ারি) সকাল ১০:৩০ টায় ময়মনসিংহে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩ পরিদর্শন করেছেন। প্রতিমন্ত্রী ময়মনসিংহ সদরে অবস্থিত মমিনুনিসা সরকারি মহিলা কলেজ এবং আনন্দমোহন কলেজ পরিদর্শন করেন।

পরিদর্শনকালে প্রতিমন্ত্রী কেন্দ্রসমূহের পরীক্ষাকালীন বিভিন্ন কক্ষে প্রবেশ করেন এবং সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করেন। এ সময় তিনি কেন্দ্রসমূহের সার্বিক ব্যবস্থাপনা নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন। পরিদর্শনকালে প্রতিমন্ত্রীর সাথে ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, ময়মনসিংহ বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসের উপপরিচালক মোহাম্মদ আলী রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুমসহ প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ময়মনসিংহ বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩ এর দ্বিতীয় ধাপে ময়মনসিংহ, রাজশাহী ও খুলনা বিভাগে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আজ সকাল ১০:০০ টা থেকে ময়মনসিংহ বিভাগের চার জেলা ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুরের বিভিন্ন কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ময়মনসিংহ জেলার ৫৯টি কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪৩ হাজার ৭৫৮ জন। যার মধ্যে পুরুষ পরীক্ষার্থী ১৯ হাজার ৩৩০ এবং মহিলা পরীক্ষার্থী ২৪ হাজার ৪২৮ জন। জামালপুর জেলার সর্বমোট ২২ হাজার ৫০১ জন পরীক্ষার্থীর মধ্যে পুরুষ পরীক্ষার্থী ১১ হাজার ৩৮৩ এবং মহিলা পরীক্ষার্থী ১১ হাজার ১১৮ জন; নেত্রকোনা জেলার সর্বমোট ২২ হাজার ৬০৩ জনের মধ্যে পুরুষ পরীক্ষার্থী ১০ হাজার ৯১৪ এবং মহিলা পরীক্ষার্থী ১১ হাজার ৬৮৯ জন এবং শেরপুর জেলায় মোট ১৩ হাজার ৮৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে পুরুষ ৬ হাজার ৬২৩ এবং মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ৭ হাজার ২৪০ জন। সর্বমোট ময়মনসিংহ বিভাগের ১৬৩ কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ২ হাজার ৭২৫ জন; যার মধ্যে পুরুষ পরীক্ষার্থীর সংখ্যা ৪৮ হাজার ২৫০ জন এবং মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৪৭৫ জন। এ বিভাগ থেকে মোট ১ হাজার ৭৯৩ জন সহকারী প্রাথমিক শিক্ষক নিয়োগ দেয়া হবে।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/হুদা/রেজভী/১২.০০টা